# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 12-07-2026** **Time: 7.50 PM**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) পশ্চিমবঙ্গ জননিরাপত্তা ও সমাজবিরোধী কার্যকলাপ নিয়ন্ত্রণ আইন, ২০২৬ আগামীকাল থেকে রাজ্যে কার্যকর হচ্ছে।

২) রাজ্যে শিল্প বিনিয়োগ ও জমি নীতি নিয়ে আলোচনা করতে শিল্প মন্ত্রীর নেতৃত্বে সংশ্লিষ্ট মন্ত্রিগোষ্ঠী আগামীকাল বৈঠকে বসবে।

উত্তরবঙ্গে বন্ধ চা বাগানগুলির ভবিষ্যত্ এবং শ্রমিক সমস্যা নিয়ে আজ উত্তরকন্যায় উচ্চ পর্যায়ের বৈঠকে বাগানগুলি খোলার বিষয়ে আলোচনা হয়।

৩) সেবাশ্রয় স্বাস্থ্য শিবিরে ভুল চিকিৎসায় পা খোয়ানোর অভিযোগে এক মহিলার এফআইআর-এর ভিত্তিতে তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক ব্যানার্জী সহ ১১ জনের বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে।

৪) দেশের ভবিষ্যত্ প্রজন্মকে স্কুল স্তর থেকেই অর্থনীতির শিক্ষা দেওয়া উচিত বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন।

৫) আগামীকাল থেকে কলকাতা সহ দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়তে পারে। উত্তরবঙ্গেও অতি ভারি বৃষ্টির কমলা সতর্কতা।

৬) কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলের উদ্বোধনী ম্যাচে ইস্টবেঙ্গল ৩-০ গোলে জর্জ টেলিগ্রাফকে হারিয়ে দিয়েছে।

---

পশ্চিমবঙ্গ জননিরাপত্তা ও সমাজবিরোধী কার্যকলাপ নিয়ন্ত্রণ আইন, ২০২৬ আগামীকাল থেকে রাজ্যে কার্যকর হচ্ছে। গত ২৯ জুন রাজ্য বিধানসভায় ওয়েস্ট বেঙ্গল পাবলিক সেফটি অ্যান্ড কন্ট্রোল অব অ্যান্টি-সোশ্যাল অ্যাক্টিভিটিজ বিল, ২০২৬ পাস হয়। রাজ্যপাল আর এন রবির সম্মতি মেলায় বিলটি এখন আইনে পরিণত হয়েছে।

এই আইনে কোনও ব্যক্তি সমাজবিরোধী কাজে জড়িত থাকলে বা ভবিষ্যতে এমন কাজে জড়িয়ে পড়ার আশঙ্কা থাকলে, তাকে প্রিভেন্টিভ বা প্রতিরোধমূলক গ্রেপ্তারির সংস্থান রয়েছে। তাকে সর্বোচ্চ এক বছর পর্যন্ত আটক রাখা যেতে পারে। এই নির্দেশ জারি করতে পারবেন রাজ্য সরকার, পুলিশ কমিশনার, জেলা ম্যাজিস্ট্রেট অথবা সরকার মনোনীত ডিআইজি পদমর্যাদার কোনও পুলিশ আধিকারিক।

সাধারণভাবে আটক করার আগে সংশ্লিষ্ট ব্যক্তিকে কারণ জানিয়ে নিজের বক্তব্য রাখার সুযোগ দেওয়া হবে। তবে জনশৃঙ্খলা, অভ্যন্তরীণ নিরাপত্তা বা জনস্বার্থের প্রশ্নে জরুরি পরিস্থিতি তৈরি হলে প্রশাসন তাৎক্ষণিকভাবে আটক করার নির্দেশ দিতে পারবে। যদিও এক্ষেত্রে ১৫ দিনের মধ্যে রাজ্য সরকারের অনুমোদন না পেলে তা কার্যকর থাকবে না।

রাজ্যপালের সম্মতি মেলায় একই সঙ্গে পশ্চিমবঙ্গ জনশৃঙ্খলা রক্ষা সংশোধনী আইনও আগামীকাল থেকেই বলবত হচ্ছে।

নতুন আইন চালু হলে রাজ্যে সমাজবিরোধী কার্যকলাপ, দাঙ্গা, পুলিশের উপর হামলা কিংবা সংগঠিত অপরাধের বিরুদ্ধে আরও দ্রুত ও কঠোর ব্যবস্থা নেওয়া সম্ভব হবে। আন্দোলনের নামে অশান্তি সৃষ্টি বা সাধারণ মানুষের নিরাপত্তা বিঘ্নিত করার ঘটনা বরদাস্ত করা হবে না বলে মুখমন্ত্রী শুভেন্দু অধিকারী আগেই জানিয়েছেন। নারী ও শিশুদের নিরাপত্তা নিশ্চিত করতেও এই আইন গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলে আশা প্রকাশ করেছেন তিনি।

---------------------

রাজ্যে, শিল্পে বিনিয়োগ, জমি নীতি সহ বিভিন্ন বিষয় আলোচনা করতে শিল্প ও বিনিয়োগ সংক্রান্ত মন্ত্রী গোষ্ঠী, আগামীকাল বৈঠকে বসতে চলেছে। শিল্পমন্ত্রী তাপস রায় এই বৈঠকে সভাপতিত্ব করবেন। রাজ্যে নতুন বিজেপি সরকার আসার পর শিল্প মন্ত্রীর নেতৃত্বে এই বিষয়ে মন্ত্রিগোষ্ঠী গঠন করা হয়। এতে অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত, উচ্চ শিক্ষামন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায়, পর্যটন মন্ত্রী শংকর ঘোষ, পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল ছাড়াও শ্রম মন্ত্রী অর্জুন সিং রয়েছেন। আগামীকালের বৈঠকে অর্থ সচিব ছাড়াও ক্ষুদ্র শিল্প, ভূমি ও ভূমি সংস্কার এবং শিল্প সচিবকে উপস্থিত থাকতে বলা হয়েছে।

---------------------

উত্তরবঙ্গে বন্ধ চা-বাগানগুলির ভবিষ্যৎ এবং শ্রমিকদের সমস্যা নিয়ে আজ উত্তরকন্যায় উচ্চপর্যায়ের বৈঠক করেন রাজ্যের শ্রমমন্ত্রী অর্জুন সিং। বৈঠকে উপস্থিত ছিলেন শ্রম প্রতিমন্ত্রী ভাস্কর ভট্টাচার্য, শ্রম দপ্তরের সচিব, উত্তরবঙ্গের বিভিন্ন জেলার সাংসদ ও বিধায়ক, জেলা প্রশাসনের প্রতিনিধি, শ্রম কমিশনারেট ও টি ডিরেক্টরেটের আধিকারিক, বিভিন্ন শ্রমিক সংগঠনের প্রতিনিধি এবং বন্ধ চা-বাগানের মালিকপক্ষ।

বৈঠকে দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার এবং কোচবিহার জেলার বন্ধ চা-বাগানগুলির বর্তমান পরিস্থিতি, শ্রমিকদের স্বার্থরক্ষা, বকেয়া সংক্রান্ত বিষয় এবং বাগানগুলি পুনরায় চালুর সম্ভাবনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

--------------------

হুগলীর ডানকুনিতে কেবল তৈরির উৎপাদন কেন্দ্রের সম্প্রসারণের জন্য সংশ্লিষ্ট সংস্থা ৫৮০ কোটি টাকা লগ্নি করতে চলেছে। এখানে বছরে প্রায় ২৮ হাজার কিলোমিটার বৈদ্যুতিক কেবল তৈরি হতে পারে। রাজ্যে শ্রম প্রতিমন্ত্রী ভাস্কর ভট্টাচার্য্য ও বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায়ের সামজমাধ্যমের পোস্ট থেকে এই খবর জানা গেছে। হোসিয়ারি শিল্পের পর কেবল তৈরির ক্ষেত্রে ডানকুনিতে নতুন মাইলফলক তৈরি হতে চলেছে।

--------------------

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ পূর্ব মেদিনীপুরের মেচেদাতে বিজেপির তমলুক সাংগঠনিক জেলার জনপ্রতিনিধিদের নিয়ে বৈঠক করেন। সরকারি প্রকল্পের সমীক্ষার সময় সকলকে সতর্ক থাকার জন্য উপস্থিত পঞ্চায়েত প্রধান, জেলা পরিষদ সদস্য, বিধায়কদের পরামর্শ দেন তিনি। পরে সাংগঠনিক সভায় যোগ দেন মুখমন্ত্রী।

সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, আগামী ১৬ ই আগস্ট রাজ্য জুড়ে আয়ুষ্মান দিবস পালিত হবে।

----------------------

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল নবান্ন সংলগ্ন সভাঘরে এক অনুষ্ঠানে শতবর্ষ প্রাচীন রথযাত্রা কমিটিগুলিকে অর্থ সহায়তা প্রদান করবেন। প্রাথমিকভাবে মাহেশ, ইসকন সহ রাজ্যের বাছাই করা ২৫ টি রথযাত্রা কমিটিকে এককালীন পাঁচ লক্ষ টাকা করে অনুদান দেওয়া হবে বলে জানা গিয়েছে।

----------------------

সেবাশ্রয়' স্বাস্থ্য শিবিরে চিকিৎসা করিয়ে ডান পা খোয়ানোর অভিযোগে রবীন্দ্রনগর থানায় এফ আই আর দায়ের করেছেন মালতী বিশ্বাস নামে এক মহিলা। দক্ষিণ ২৪ পরগণার মহেশতলার বাসিন্দা ওই মহিলার অভিযোগ, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক, ডায়মন্ড

হারবারের সাংসদ অভিষেক ব্যানার্জির উদ্যোগে আয়োজিত ওই শিবিরে ভুল চিকিৎসার জন্যই তাঁর ডান পা বাদ পড়েছে। এই ঘটনায় অভিষেক, তাঁর আপ্ত সহায়ক সুমিত রায়-সহ ১১ জনের বিরুদ্ধে মামলা রুজু করেছে পুলিশ।

এদিকে, অভিযোগের তদন্তে মালতী ও তাঁর পরিবারকে নথিপত্র সহ আগামীকাল স্বাস্থ্যভবনে ডেকে পাঠানো হয়েছে। স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় তাঁদের সঙ্গে কথা বলবেন।

অভিযোগ প্রমানিত হলে দোষীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী।

(বাইট-স্বাস্থ্যমন্ত্রী)

এদিকে, বিজেপি নেতা অভিজিৎ দাস জানিয়েছেন, স্বাস্থ্যমন্ত্রী ইতিমধ্যেই ফোনে অভিযোগকারীর শারীরিক অবস্থা এবং চিকিৎসা সংক্রান্ত ব্যাপারে খোঁজখবর নিয়েছেন।

উল্লেখ্য, সেবাশ্রয় শিবিরে অনিয়মের অভিযোগ তুলে এর আগেও ডায়মন্ড হারবার এবং বিষ্ণুপুর থানায় এফ আই আর দায়ের হয়েছে।

---------------------

দেশের ভবিষ্যৎ প্রজন্মকে আর্থিক দিক দিয়ে সচেতন ও আত্মনির্ভর করে তুলতে স্কুল থেকেই অর্থনৈতিক শিক্ষা দেওয়া উচিত বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন। কলকাতায় আজ 'বেঙ্গল রাইজিং: ফিনান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট সামিট ২০২৬' অনুষ্ঠানে তিনি বলেন, বর্তমান যুগে

কৃত্রিম বুদ্ধিমত্তার পাশাপাশি আর্থিক শিক্ষাও সমান গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদের শৈশব থেকেই এই বিষয়ে সচেতন করে তোলা প্রয়োজন। শ্রী মজুমদার বলেন, শেয়ার বাজার, আইপিও, এসআইপি এবং কীভাবে বিনিয়োগ করতে হয়, সে বিষয়ে প্রত্যেক ছাত্রছাত্রীর ন্যূনতম জ্ঞান থাকা উচিত। সেজন্য স্কুলের পাঠ্যক্রমে ফিনান্সিয়াল লিটারেসি বা অর্থনৈতিক শিক্ষা অন্তর্ভুক্ত করা একান্ত প্রয়োজন বলে তিনি জানান।

বাইট সুকান্ত

---------------------

জাতীয় শিক্ষা নীতির রূপায়ন নিয়ে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আগামীকাল রাজ্যের শিক্ষা দফতরের সঙ্গে বৈঠকে বসবেন। রাজ্য সরকার এখানে জাতীয় শিক্ষানীতি রূপায়ণের সিদ্ধান্ত নেওয়ার পর শিক্ষা দফতরের প্রস্তুতি শুরু করেছে। জাতীয় শিক্ষানীতির বিভিন্ন দিক নিয়ে অনলাইনে শিক্ষকদের একাধিক কর্মশালারও আয়োজন করা হয়। আগামীকাল বিকাশভবনে ঐ বৈঠকে জাতীয় শিক্ষা নীতি সহ রাজ্যের শিক্ষা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা হবে।

---------------------

রাজ্যের মাদ্রাসাগুলির পরিকাঠামো ও পঠনপাঠনের বিষয়গুলি খতিয়ে দেখার জন্য মাদ্রাসা শিক্ষা দপ্তর ১৮ সদস্যের একটি কমিটি তৈরি করেছে। কোচবিহার, উত্তর দিনাজপুর, মালদহ, মুর্শিদাবাদ, বীরভূম, দুই মেদিনীপুর,

নদিয়া, হুগলি, হাওড়া ও দুই ২৪ পরগনার মাদ্রাসাগুলির অবস্থা, পরিকাঠামো, পঠন-পাঠন, পাঠক্রম ও নিরাপত্তা সহ বিভিন্ন বিষয়, এই কমিটি খতিয়ে দেখবে। ১৫ই জুলাই থেকে কাজ শুরু করবে এই কমিটি। ২১ জুলাই এর মধ্যে কমিটিকে রিপোর্ট দিতে বলা হয়েছে।

----------------------

উত্তরবঙ্গের ওপর অবস্থিত সক্রিয় মৌসুমী অক্ষরেখা এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও সন্নিহিত বাংলাদেশের উপর একটি ঘূর্ণাবর্ত অবস্থান করায় সারা রাজ্যেই এখন বৃষ্টির অনুকূল পরিবেশ। আগামীকাল থেকে কলকাতা সহ দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

বাইট

মুর্শিদাবাদ ও পূর্ব বর্ধমান জেলায় আগামীকাল ভারি থেকে অতি ভারী বৃষ্টির কমলা সর্তকতা এবং কলকাতা, দুই ২৪ পরগনা, হাওড়া, হুগলি নদিয়া এবং বীরভূমে ভারী বৃষ্টির হলুদ সর্তকতা সংকেত জারি করা হয়েছে।

বৃহস্পতিবার থেকে উপকূলবর্তী জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ বাড়তে পারে।

উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত ৫ জেলায় অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। উত্তর দিনাজপুর জেলাতেও ভারী বৃষ্টি হতে পারে।

---------------------

ইস্টবেঙ্গল আজ জয় দিয়ে কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবল অভিযান শুরু হয়েছে। আজ নিজেদের মাঠে ইস্টবেঙ্গল ৩-০ গোলে জর্জ টেলিগ্রাফকে হারিয়ে দেয়। ইস্টবেঙ্গলের পক্ষে জেসিন টি কে, জোসেফ জাস্টিন ও মহম্মদ বেলাল গোল করেন।

উল্লেখ্য, উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাক্তার ইন্দ্রনীল খাঁ, সর্ব ভারতীয় ফুটবল ফেডারেশনের সভাপতি কল্যাণ চৌবে প্রমুখ।

মোহনবাগান সুপার জায়ান্ট আগামীকাল এবারের প্রিমিয়ার লিগে তাদের প্রথম ম্যাচে পাঠ চক্রের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে বিকেল সাড়ে চারটেয়।

--------------------- ---------------------